

বাফলার ২০১৭-২০১৯ সালের নবনির্বাচিত কার্যকরী পরিষদের অভিষেক সম্পন্ন



Date and Time:

Sunday July 23, 2017

News Location:

ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটি নর্থরীজ হলরুম, লস এঞ্জেলস, ক্যালিফোর্নিয়া

Details of the News:

নিউজ ডেস্ক: উত্তর আমেরিকার প্রবাসী বাংলাদেশি অধ্যুষিত অঞ্চল এঞ্জেলসের প্রায় ৩০টি বাংলাদেশি সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী ও রাজনৈতিক সংগঠনের 'মাদার ফেডারেশন' বাংলাদেশ ইউনিট ফেডারেশন অব লস এঞ্জেলস-বাফলা'র ২০১৭-২০১৯ সালের নবনির্বাচিত কার্যকরী পরিষদের অভিষেক সম্পন্ন হয়েছে।

গত রবিবার নর্থরীজস্থ ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটির হলরুমে আয়োজিত এ অনুষ্ঠানে বাফলা'র নেতৃবৃন্দ ও সদস্য ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আগামী ২ বছরের জন্য নতুন কমিটি শপথ গ্রহণ করে। অভিষেক অনুষ্ঠানে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে এক সাংস্কৃতিক অনুষ্ঠানও সম্পন্ন হয়।

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর বিদায়ী ক্যাবিনেটের পক্ষে বক্তব্য রাখেন, বাফলার প্রেসিডেন্ট ডা. আবুল হাসেম। অভিষেক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এনএপিডির প্রতিনিধি এবং কংগ্রেসম্যান ব্যাড শ্যারম্যান প্রতিনিধিবৃন্দ। ব্যাড শ্যারম্যান বাফলার অভিষেকে ক্যাপিট্যাল হিলস এ উদ্ভাসিত আমেরিকান পতাকা উপহার পাঠান এবং বিদায়ী ক্যাবিনেটদেরকে কমিউনিটিতে অবদান

রাখার জন্য সার্টিফিকেট প্রদান করেন।

এছাড়াও বক্তব্য রাখেন নবনির্বাচিত প্রেসিডেন্ট নজরুল আলম। তিনি তার বক্তব্যে বলেন, বাফলা তার ঐতিহ্যের আলোকে কমিউনিটিতে দেশ, জাতি ও মানবতার কল্যাণে নিয়োজিত হয়ে ধাপে ধাপে তাদের কর্মসূচি ও কর্ম পদ্ধতির মাধ্যমে ক্রমশই উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। আমরা সবার সহযোগিতায় বাফলার কার্যক্রমকে আরও গতিশীল করে তুলার চেষ্টা করব।

উল্লেখ্য, বাফলার নতুন কার্যকরী পরিষদে প্রেসিডেন্ট পদে নজরুল আলম, ভাইস প্রেসিডেন্ট পদে মুরশেদুল ইসলাম, জেনারেল সেক্রেটারি পদে ইঞ্জিনিয়ার শহিদ আলম, অর্গানাইজিং সেক্রেটারি পদে চুন্সু মল্লিক, ফাইন্যান্স সেক্রেটারি পদে শহিদুল হক স্বপন, পাবলিক রিলেশন অফিসার পদে আব্দুস সামাদ এবং কালচারাল সেক্রেটারি পদের জন্য আঞ্জুমান আরা শিউলি নির্বাচিত হয়েছেন।

অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে সংগীত পরিবেশন করেন রিজিয়া পারভিন, শিল্পী, মিতালী।